

## নকলের বিরুদ্ধে জিহাদ ঘোষণার মধ্য দিয়ে কাল থেকে দেশ জুড়ে এইচএসসি পরীক্ষা শুরু

মোশতাক আহমেদ ॥ নকলের বিরুদ্ধে জিহাদ ঘোষণার মধ্য দিয়ে আগামীকাল বৃহস্পতিবার থেকে দেশ জুড়ে এইচএসসি পরীক্ষা শুরু হচ্ছে। একই দিনে আলিম, ফাজিল, কামিল এবং কারিগরি বোর্ডের ব্যবসায় ব্যবস্থাপনা পরীক্ষাও অনুষ্ঠিত হবে। সাতটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসহ মাদ্রাসা ও কারিগরি বোর্ডের অধীনে একযোগে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবারে সাতটি শিক্ষা বোর্ডের অধীনে পাঁচ লাখ ২৮ হাজার ৬শ' ৪৫ পরীক্ষার্থী অংশ নিচ্ছে। আলীম, ফাজিল ও কামিল পরীক্ষায় পরীক্ষার্থী হলো ৯২ হাজার ৪শ' ৪৬। কারিগরি বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা ৩৮ হাজার ৩শ' ৫২। গতবারের তুলনায় এবারের মোট পরীক্ষার্থীর সংখ্যা প্রায় পৌনে দুই লাখ কমে গেছে।

অন্যদিকে পরীক্ষায় নকলের বিরুদ্ধে জিহাদ ঘোষণা করা হয়েছে। সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে, নিরক্ষরমুক্ত জেলা-খানার মতো শিক্ষা প্রতিষ্ঠানকেও নকলমুক্ত ঘোষণা

করা হবে। ইতোমধ্যে নকল ঠেকাতে সরকারের পক্ষ থেকে ব্যাপক পদক্ষেপ নেয়া হয়েছে। নকল প্রতিরোধে এসএসসি পরীক্ষার মতো আসন বিন্যাস করা হবে। অর্থাৎ এক কলেজের পরীক্ষার্থী অন্য কলেজে পরীক্ষা দিতে হবে। তা ছাড়া পুলিশের পাশাপাশি সহিংসতা ঠেকাতে বিডিআরও মোতায়েন করা হবে। কুঁকিপূর্ণ কেন্দ্রগুলোতে ভিডিও ধারণ হবে। তা ছাড়া মন্ত্রণালয়ের দিকনির্দেশনায় শিক্ষা বোর্ড, স্থানীয় জেলা, থানা ও পুলিশ প্রশাসন প্রত্নতি নিয়েছে।

এবারে ফলাফল শ্রেডিং পদ্ধতিতে ঘোষণা করা হবে। জানা গেছে, এবারে সাতটি বোর্ডের অধীনে মোট পাঁচ লাখ ২৮ হাজার ৬শ' ৪৫ পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এর মধ্যে ছয় রয়েছে ৩ লাখ ১০ হাজার ৮শ' ৩০ এবং ছাত্রী সংখ্যা ২ লাখ ১৭ হাজার ৮শ' ১৫। গত বছর এইচএসসির ৭টি শিক্ষা বোর্ডের অধীনে মোট পরীক্ষার্থী ছিল ৫ লাখ ৮৫ হাজার ৫শ' ৭০। যা এবারের তুলনায় অনেক বেশি।